গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ডুমুরিয়া, খুলনা।
dumuria.khulna.gov.bd

আসন্ন পবিত্র মাহে রমজানের পবিত্রতা রক্ষাসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ, সরবরাহ, মজুদ এবং ভোক্তা অধিকার নিশ্চিত করার লক্ষ্যে ও আইনশৃংখলা বজায় রাখা বিষয়ে আয়োজিত মতবিনিময় সভার কার্যবিবরণী

সভাপতি	: মোছাঃ শাহনাজ বেগম, উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা।
স্থান	: অফিসার্স ক্লাব, ডুমুরিয়া, খুলনা।
সভার তারিখ	: ০৬ মে, ২০১৯ খ্রিঃ
সময়	: বেলা ১১.০০ ঘটিকা
উপস্থিত সদস্যবৃন্দ	: সংশ্লিষ্ট রেজিস্টারে সংরক্ষিত।

সভার শুরুতে সভাপতি সকলকে পবিত্র মাহে রমজানের অগ্রিম শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করা হয়। তিনি বিগত ১৬/০৪/২০১৯ খ্রি: তারিখে জেলা প্রশাসক, খুলনা মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সকলের অবগতির জন্য সভায় উপস্থাপন করা হয়। তিনি এ বিষয়ে মাহে রমজানে নিত্য প্রয়োজনীয় পণ্যের মজুদ ও সরবরাহ ব্যবস্থা নির্বিঘ্ন রাখাসহ দ্রব্যমূল্য সহনশীল ও যৌতিক পর্যায় রেখে ক্রেতা সাধারণের মধ্যে পৌছে দেয়া সহ ভোক্তা অধিকার সংরক্ষণ করার জন্য সরকারের পক্ষ থেকে যা যা করণীয় সবই নিশ্চিত করার আশ্বাস প্রদান করা হয়।

সভাপতি মহোদয় মাহে রমজানের পবিত্রতা রক্ষার নিমিত্তে সভায় উন্মুক্ত আলোচনার জন্য আহবান করেন।

উপজেলা কৃষি অফিসার, ডুমুরিয়া, খুলনাঃ

উপজেলা কৃষি অফিসার, ডুমুরিয়া, খুলনা সভায় জানান যে, ডুমুরিয়া উপজেলা খুলনা জেলাতে সবজি জোন হিসেবে পরিচিত। পবিত্র মাহে রমজানে রোজাদারগণ যাতে বিশুদ্ধ সবজি খেতে পারে সে বিষয়ে ব্যবস্থা নেয়া হচ্ছে। মাঠ পর্যায়ে কৃষকগণ যাতে সবজিতে কোন কীটনাশক ব্যবহার না করে সে বিষয়ে তার বিভাগের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের ব্যবস্থা নেয়ার জন্য বলা হয়েছে। তাছাড়া আজও শতাধিক কৃষককে এ বিষয়ে প্রশিক্ষণ দেয়া হচ্ছে।

চেয়ারম্যান, খর্ণিয়া ইউপিঃ

চেয়ারম্যান, খর্ণিয়া ইউপি সভায় জানান, পবিত্র মাহে রমজান মাসে বিভিন্ন বাজারে ও দোকানের পেছনে গভীর রাত পর্যন্ত তাস ও কেরাম বোর্ড খেলা হয়ে থাকে। একারণে ঐ খেলা একসময় জুয়াতে পরিণত হয়। তিনি আইন শৃংখলা রক্ষা বাহিনীকে তাস ও জুয়াখেলা সন্ধ্যার পর বন্ধ করার জন্য অনুরোধ করেন। তাস ও কেরাম বোর্ড খেলার কারণে এলাকায় চুরি বেড়ে যায়। তাছাড়া ধর্মপ্রাণ মুসলমানরা তারাবীসহ এবাদতে ব্যস্ত থাকায় তারা ঠিকভাবে মাছের ঘের পাহারা দিতে না পারায় ঘেরে মাছ চুরি বেড়ে যায়। তিনি আরো জানান, পবিত্র মাহে রমজানে কিছু কিছু ব্যবসায়ী আম, কাঠাল প্রভৃতিতে রাসায়নিক দ্রব্য ব্যবহার করে ফল পাকিয়ে অপরিপক্ক ফল অধিক মুনাফার লোভে বিক্রি করতে চাইবে। তিনি এ বিষয়ে মনিটরিং এর আহবান জানান।

সিদ্ধান্তঃ উপজেলা নির্বাহী অফিসার জানান, চেয়ারম্যানগণ তাদের নিজ নিজ এলাকায় সন্ধ্যার পর তাস, কেরাম বোর্ড খেলা না করার জন্য মাইকিং করবেন। তারপরও যদি কেউ গভীর রাতে তাস, কেরাম বোর্ড খেলা করে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

চেয়ারম্যান, সাহস ইউপিঃ

চেয়ারম্যান, সাহস ইউপি সভায় জানান, মাহে রমজানে ইফতার, তারাবীহ, সেহেরীর সময় বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে ব্যবস্থা নেয়ার অনুরোধ করেন।

সিদ্ধান্তঃ এ বিষয়ে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য ডিজিএম, খুলনা পল্লী বিদ্যুৎ সমিতিকে অনুরোধ জানান।

অফিসার ইনচার্জ, ডুমুরিয়া থানাঃ

অফিসার ইনচার্জ, ডুমুরিয়া থানা এর প্রতিনিধি ওসি তদন্ত সভায় জানান, আসন্ন পবিত্র মাহে রমজানে ডুমুরিয়া উপজেলা বড় বড় বাজার যথা ডুমুরিয়া হাট, খর্ণিয়া হাট, শাহপুর হাট, চুকনগর হাট ও আঠারো মাইল হাটে বিশেষ টহল থাকবে তারা আইন শৃংখলাসহ অন্যান্য বিষয়ে মনিটরিং করবে। আশা করা যায়, ডুমুরিয়া উপজেলায় আইন শৃংখলা স্বাভাবিক থাকবে।

চেয়ারম্যান, ধামালিয়া ইউপিঃ

চেয়ারম্যান, ধামালিয়া ইউপি সভায় জানান, পবিত্র মাহে রমজানে আইন শৃংখলা স্বাভাবিক রাখার জন্য তাস ও কেরাম বোর্ড খেলা ইফতারের পর বন্ধ করা দরকার। তাছাড়া ইফতার, তারাবী ও সেহেরীর সময় বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত হওয়া দরকার।

উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তাঃ

উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা সভায় জানান, পশু জবাই এর জায়গা পরিস্কার পরিচ্ছন্ন ও পরিবেশ সুন্দর রাখার জন্য কসাইদের প্রতি আহবান জানান।

সিদ্ধান্তঃ মাহে রহমানের পবিত্রতা রক্ষার জন্য পশু জবাইয়ের উচ্ছিষ্টসহ অন্যান্য ময়লা সংরক্ষণের জন্য আলাদা ময়লার হাউজ/ডাষ্টবিন তৈরির সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ প্রকল্প গ্রহণের মাধ্যমে ব্যবস্থা নিবেন।

স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সঃ

স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সভায় জানান, তারা পবিত্র মাহে রমজানে ইফতার ও সেহেরীর সময় সাইরেন বাজিয়ে থাকেন। তাছাড়া তাদের এম্বুলেন্সটি সার্বক্ষণিক সেবা প্রদানের জন্য প্রস্তুত রাখা হয়।

ইউডিএফ, ডুমুরিয়াঃ

ইউডিএফ, ডুমুরিয়া, খুলনা সভায় জানান, ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক একটা চিরস্থায়ী ক্যালেন্ডার আছে। ঐ ক্যালেন্ডারের সময়সূচী মোতাবেক সকল মসজিদে এক সাথে সাইরেন বাজানো দরকার। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান, অনেক সময় গ্রামে গ্রামে দেখা যায়, রাত ১২টা, ১টা থেকে মসজিদের মাইকে সেহেরীর জন্য ডাকতে থাকে এতে সারাদিন রোজা রেখে যারা এবাদত করে তাদের জন্য বিড়ম্বনার সৃষ্টি হয়। এ বিষয় সতর্ক থাকার জন্য মসজিদের ইমামদের পরামর্শ দেয়ার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ করা হয়।

জনাব আবু বক্কার খানঃ

ডিলার টিসিবি জানান তিনি সহ চুকনগরের একজন ব্যবসায়ী টিসিবি এর মাল উত্তোলন করেছেন। তিনি উপজেলা নির্বাহী অফিসারকে সরকার নির্ধারিত দামে টিসিবি এর মাল বিক্রি উদ্বোধন করার জন্য অনুরোধ করেন। তিনি আরো জানান, ডুমুরিয়া বাজারের কসাইরা যেখানে পশু জবাই করে সেখানে পরিবেশ মারাত্মক দুষিত হচ্ছে। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান, স্থান পরিদর্শনপূর্বক সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

উপর্যুক্ত আলোচনার মতামতের ভিত্তিতে পবিত্র মাহে রমজানের পবিত্রতা বজায় রাখার জন্য ও আইন-শৃংখলা নিয়ন্ত্রণে রাখার জন্য নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হলো।

(১) নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম সহনীয় পর্যায়ে রাখার জন্য প্রত্যেক দোকানে মূল্য তালিকা টানিয়ে রাখতে হবে। দোকানে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য তালিকা না পাওয়া গেলে তাদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনাসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(২) ডুমুরিয়া ও চুকনগর এর টিসিবি এর ডিলার মালামাল বিক্রির পূর্বে এলাকায় মাইকিং এর ব্যবস্থা করবেন এবং সরকার নির্ধারিত মূল্যে প্রান্তিক পর্যায়ের ব্যক্তিবর্গের নিকট মালামাল বিক্রি করবেন।

(৩) ইফতারির সামগ্রী ফুটপাতে খোলা জায়গায় বিক্রি রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। তাছাড়া ইফতারিতে মানব স্বাস্থ্যের জন্য ঝুঁকিপূর্ণ কোনরূপ কেমিক্যাল, বিভিন্ন রং, বাসি তেল, বাসি খাদ্যদ্রব্য বিক্রির অভিযোগ পাওয়া গেলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(৪) ডুমুরিয়া বড় বড় বাজার সমূহে গার্মেন্ট ও শাড়ী কসমেটিকস্ এর দোকান মালিকগণ তার দোকানের সামনে মূল্য তালিকা প্রদর্শন করবেন।

(৫) ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি পবিত্র মাহে রমজানে ইফতার, তারাবী ও সেহেরীর সময় বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করবেন।

(৬) ডুমুরিয়া উপজেলার সকল মসজিদে একই সাথে নামাজ, ইফতার, সাহরী কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক রমজানের ক্যালেন্ডার ব্যবহার পূর্বক যথাসময়ে আজান, নামাজ, তারাবীহ ও সাহরী নিশ্চিত করার নিমিত্ত সকল ইমামদের অবহিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান ও ইসলামিক ফাউন্ডেশনের কর্মকর্তাকে ব্যবস্থা গ্রহণের জন্য বলা হয়।

উপর্যুক্ত সিদ্ধান্তের আলোকে নির্ধারিত মূল্যে টিসিবি এর মালামাল বিক্রির বিষয়ে মনিটারিং করার জন্য নিম্নোক্ত মনিটরিং টিম গঠন করা হলো।

১। উপজেলা কৃষি অফিসার, ডুমুরিয়া, খুলনা	- আহবায়ক
২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা	- সদস্য
৩। ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ডুমুরিয়া, খুলনা	- সদস্য
৪। সংশ্লিষ্ট ইউনিয়নের ট্যাগ অফিসার	- সদস্য
৫। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান	- সদস্য

উক্ত কমিটি পবিত্র মাহে রমজানে টিসিবিএর মালমাল সঠিক ব্যক্তি ও সঠিক মূল্যে বিক্রি হচ্ছে কিনা তা মনিটরিং করবেন।

বিস্তারিত আলোচনান্তে পবিত্র মাহে রমজানে বাজার মূল্য স্থিতিশীল রাখার বিষয়ে মনিটরিং করার জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলো।

১। সহকারী কমিশনার (ভূমি), ডুমুরিয়া, খুলনা।	- আহবায়ক
২। উপজেলা পঃ পঃ কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা।	- সদস্য
৩। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ডুমুরিয়া, খুলনা।	- সদস্য
৪। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা।	- সদস্য
৫। চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, ডুমুরিয়া, খুলনা।	- সদস্য
৬। সভাপতি/সম্পাদক, সংশ্লিষ্ট বাজার কমিটি, ডুমুরিয়া, খুলনা	- সদস্য

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৬/০৫/১৯

মোছাঃ শাহনাজ বেগম
উপজেলা নির্বাহী অফিসার
ডুমুরিয়া, খুলনা।

স্মারক নম্বর: ০৫.৪৪.৪৭৩০.০০১.১১.০০৪.১৯- ৪০৩(৫০) তারিখঃ ০৬/০৫/২০১৯ খ্রিঃ

<u>সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ</u>

১. জেলা প্রশাসক, খুলনা।

২. ম্যানেজার, টিসিবি, খুলনা।

৩. উপজেলা সহকারী প্রোগ্রামার (I.C.T)..........কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা।

৪. চেয়ারম্যান..........ইউনিয়ন পরিষদ (সকল), ডুমুরিয়া, খুলনা।

৫. সভাপতি/সম্পাদক..........বাজার ব্যবসায়ী কমিটি, ডুমুরিয়া, খুলনা।

৬. জনাব..........,ডুমুরিয়া, খুলনা।

০৬/৫/১৯

উপজেলা নির্বাহী অফিসার
ডুমুরিয়া, খুলনা।